দৈনিক বাংলা

তারিখ ... 1/6/83 ... ...
পৃষ্ঠা ... ... ... 1 কলাম 3 ... ...

035

# স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ বিলোপ করা হবেঃ মজিদ

ময়মনসিংহ, ৩১শে মে (বাসস)।—শিক্ষামন্ত্রী ডঃ এ মজিদ খান আজ এখানে ঘোষণা করেন, সরকার স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ বিলোপ করে প্রাথমিক স্কুল ব্যবস্থাপনা উন্নীত থানা প্রশাসনের আওতায় ন্যস্ত করার সিদ্ধান্ত নিয়েছেন।

তিনি বলেন, তবে প্রাথমিক স্কুল শিক্ষকদের সরকারী চাকরির বর্তমান পদমর্যাদা অক্ষুণ্ণ থাকবে এবং প্রাথমিক স্কুলসমূহের সার্বিক ব্যবস্থাপনা শিক্ষা মন্ত্রণালয়ের ওপর ন্যস্ত থাকবে।

শিক্ষামন্ত্রী পাবলিক হলে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষকদের এক সমাবেশে বক্তৃতা করছিলেন।

তিনি বলেন, থানাকে জাতির সার্বিক উন্নয়ন প্রয়াসের কেন্দ্রবিন্দুতে পরিণত করার লক্ষ্যে সরকারের প্রশাসন বিকেন্দ্রীকরণ কর্মসূচী অনুসারেই এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সরকারের প্রাথমিক শিক্ষা পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতাদানের জন্য শিক্ষকদের প্রতি আহবান জানিয়ে শিক্ষামন্ত্রী ডঃ মজিদ খান বলেন, দেশে শিক্ষা ব্যবস্থাকে সংহত করার লক্ষ্যে সমস্ত কর্মসূচীতে প্রাথমিক শিক্ষকদের জড়িত করা হবে।

তিনি উল্লেখ করেন, প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষকরা স্কুল সুষ্ঠুভাবে পরিচালনা করতে পারেন, তার জন্য তাদের আরো দায়িত্ব দেয়ার ব্যবস্থা সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছেন। সাক্ষরতা সম্প্রসারণ ও শিক্ষাঙ্গনে অনুকূল শিক্ষার পরিবেশ নিশ্চিত করার জন্য শিক্ষকদের মাঝে নেতৃত্বের গুণাবলী বিকাশ ঘটানোও হবে এসব ব্যবস্থার লক্ষ্য।

শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট অফিসগুলো থেকে অনাচার দূর করতে সরকারের দৃঢ় প্রত্যয়ের কথা উল্লেখ করে ডঃ খান প্রশাসনিক যন্ত্র ও শিক্ষকদের মধ্যে সনাতনী পার্থক্য দূর করার ব্যাপারে সুনির্দিষ্ট প্রস্তাব দেবার জন্য প্রাথমিক শিক্ষকদের প্রতি আহবান জানান।